

তথ্য প্রযুক্তির মাধ্যমে নিউরো ডেভোলপমেন্টাল ডিজঅর্ডারসহ সব ধরনের প্রতিবন্ধী ব্যক্তির ক্ষমতায়ন প্রকল্প



বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়

আইসিটি টাওয়ার, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

ফোনঃ ৮৮০-২-৫৫০০৬৮৮৫ ফ্যাক্স: ৮৮০-২-৫৫০০৬৮৮৭, ই-মেইল: pdepwdict@bcc.gov.bd Web: www.bcc.gov.bd

প্রতিবন্ধী ব্যক্তিদের ‘চাকুরী মেলা ২০১৯’ এর প্রতিবেদন

বর্তমান সরকার ২০০৯ সন হতে রূপকল্প ২০২১:ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে নিরলসভাবে কাজ করে চলেছে। এর ফলস্বরূপ এখন দেখা যায় যে,দেশের আর্থ-সামাজিক খাতসমূহে ব্যাপকভাবে কম্পিউটার ও ডিজিটাল প্রযুক্তির ব্যবহার হচ্ছে। আরও লক্ষণীয় যে, সরকারের ইতিবাচক নীতিমালা ও পদক্ষেপের কারণে প্রতিবন্ধী ব্যক্তিসহ সমাজের অপেক্ষাকৃত অনগ্রসর জনগোষ্ঠীর হাতেও ডিজিটাল প্রযুক্তির সুবিধা পৌঁছে গেছে।

সমগ্র বিশ্বে প্রতিবন্ধীতা সম্পর্কে নেতিবাচক দৃষ্টিভঙ্গি বিদ্যমান রয়েছে। দেশে এ অবস্থার উন্নয়ন ঘটিয়ে সরকার সমাজের প্রতিবন্ধী ব্যক্তিদের অবস্থান মূল স্রোতের সমপর্যায়ে উন্নীত করতে সচেষ্ট। আইসিটি বিভাগ এ লক্ষ্যে বেশ কিছু পদক্ষেপ গ্রহণ করে। ২০০৯ সনে প্রণীত জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালায় প্রতিবন্ধী ব্যক্তিদের বিষয়ে বেশ কিছু করণীয় সংযোজন করা হয়। ২০১১ সন হতে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) এর মাধ্যমে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য বিনা ফিতে আইসিটি প্রশিক্ষণের সুবিধা চালু করা হয়। পরবর্তীকালে আইসিটিতে প্রশিক্ষিত এবং দক্ষতা সম্পন্ন প্রতিবন্ধী ব্যক্তিদের কর্মসংস্থানের জন্য প্রার্থী এবং চাকুরী দাতা প্রতিষ্ঠানের সম্মিলনে ২০১৫ সন হতে চাকুরী মেলার আয়োজন করা হচ্ছে। এর পাশাপাশি প্রতিবন্ধীতা বিষয়ে সমাজে সচেতনতা সৃষ্টির জন্য সারা দেশে সেমিনার, কর্মশালা ও অন্যান্য কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে।

এছাড়া চাকুরী মেলা ২০১৯ সফলভাবে আয়োজনের লক্ষ্যে আগ্রহী চাকুরীদাতা প্রতিষ্ঠানদের নিয়ে বিসিসি’র নির্বাহী পরিচালকের সভাপতিত্বে প্রাক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠিত এ সভায় ব্যবসায়ী সংগঠনের প্রতিনিধিবৃন্দ, আইটি শিল্পের বিভিন্ন প্রতিষ্ঠান ছাড়াও চাকুরীদাতা প্রতিষ্ঠানসমূহের সংগঠনের প্রতিনিধিবৃন্দ অংশগ্রহণ করেন।

মেলায় অতিথিবৃন্দ:

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মোস্তাফা জব্বার, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব জুনাইদ আহমেদ পলক, এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং আইসিটি বিভাগের সম্মানিত সচিব জনাব এন এম জিয়াউল আলম। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন বিসিসি’র নির্বাহী পরিচালক জনাব পার্থপ্রতিম দেব।

মেলায় প্রাঙ্গণ:

বিসিসি’র নিচ তলায় ক্যান্টিনের খোলা জায়গায় অংশগ্রহণকারী চাকুরী দাতা প্রতিষ্ঠানের জন্য মোট ২০ টি স্টল এবং আরো প্রয়োজনীয় সংখ্যক ইন্টারভিউ বুথ স্থাপন করা হয়। চাকুরী মেলা ২০১৯ এর উদ্বোধন করার পর মাননীয় মন্ত্রী এবং প্রতিমন্ত্রী ফিতা কেটে আনুষ্ঠানিকভাবে মেলা প্রাঙ্গণ উদ্বোধন করে মেলা প্রাঙ্গণ ঘুরে দেখেন

এবং সারা দেশ থেকে আগত চাকুরী প্রার্থী প্রতিবন্ধী ব্যক্তি এবং আগত চাকুরীদাতা প্রতিষ্ঠানের প্রতিনিধিদের সাথে কথা বলেন।

অংশগ্রহণকারী চাকুরীদাতা প্রতিষ্ঠান:

সরকার প্রতিশ্রুত ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের অংশ হিসেবে প্রতিবন্ধী ব্যক্তিদের তথ্য ও যোগাযোগ প্রযুক্তিতে প্রবেশাধিকার সুযোগ সৃষ্টির করে শিক্ষা ও কর্মসংস্থান নিশ্চিত করার লক্ষ্যে আইসিটি বিভাগের উদ্যোগে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) কর্তৃক সেন্টার ফর সার্ভিসেস এ্যান্ড ইনফরমেশন অনডিজিএ্যাভিলিটি (সিএসআইডি) এবং বিসিসি'র “তথ্য প্রযুক্তির মাধ্যমে এনডিডিসহ সব ধরনের প্রতিবন্ধী ব্যক্তির ক্ষমতায়ন” শীর্ষক প্রকল্পের সহযোগীতায় গত ২৪.০৪.২০১৯ তারিখ রোজ বুধবার সকাল ১০.০০ ঘটিকায় বিসিসি'র অডিটরিয়ামে “চাকুরী মেলা’২০১৯”এর উদ্বোধন করা হয়। চাকুরী মেলা-২০১৯” এ মোট ২৩ টি প্রতিষ্ঠান অংশগ্রহন করেন।

অংশগ্রহণকারী চাকুরী প্রার্থী:

সারাদেশে থেকে প্রায় এবারের চাকুরী মেলা-২০১৯ মোট ৪৮০ জন প্রতিবন্ধী ব্যক্তি অংশগ্রহন করেন। প্রতিবন্ধী ব্যক্তির সারাসরি চাকুরীদাতা প্রতিষ্ঠানের স্টলে গিয়ে তাদের সিডি জমা দেন এবং সাক্ষাতকার প্রদান করেন। ২৪০ জনের একটি সংক্ষিপ্ত তালিকা সংগ্রহ করা হয় যাদের পরবর্তীতে চাকুরী প্রদানের জন্য প্রয়োজনীয় বাছাই এবং চূড়ান্ত সাক্ষাতকারের জন্য মনোনীত করা হয়। মেলা এবং তৎপরবর্তী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের ফলে সর্বশেষ চূড়ান্তভাবে বিভিন্ন প্রতিষ্ঠানে মোট ৮৬ জনের চাকুরীর বিষয়টি নিশ্চিত হয়।

প্রতিবন্ধী ব্যক্তিদের -চাকুরী মেলা ২০১৯ এর কিছু ছবিঃ



ক্যাপশন-১ প্রতিবন্ধী ব্যক্তিদের-চাকুরী মেলা ২০১৯ এর উদ্বোধন করেন জনাব মোস্তাফা জব্বার, মাননীয় মন্ত্রী ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়। উপস্থিত ছিলেন জনাব জুনাইদ আহমেদ পলক, এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং আইসিটি বিভাগের সম্মানিত সচিব জনাব এন এম জিয়াউল আলম।



ক্যাপশন-২ প্রতিবন্ধী ব্যক্তিদের-চাকুরী মেলা ২০১৯ এর অনুষ্ঠানে উপস্থিত প্রধান অতিথি জনাব মোস্তাফা জব্বার, মাননীয় মন্ত্রী ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়, বিশেষ অতিথি জনাব জুনাইদ আহমেদ পলক, এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং আইসিটি বিভাগের সম্মানিত সচিব জনাব এন এম জিয়াউল আলম। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন বিসিসি'র নির্বাহী পরিচালক জনাব পার্থপ্রতিম দেব।

